দৈনিক বাংলা

তারিখ 0 9 JUN 1993
পৃষ্ঠা ৭ কলাম ৫

২৩

# শিক্ষামন্ত্রীর সঙ্গে সরকারী কলেজ শিক্ষকদের বৈঠক

বাংলাদেশ সরকারী কলেজ অধ্যাপক সমিতি ও প্রভাষক সমিতির নেতৃবৃন্দ মঙ্গলবার শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকারের সাথে শিক্ষা মন্ত্রণালয়ের সভা-কক্ষে এক বৈঠকে মিলিত হন।

বৈঠকে সুষ্ঠুভাবে আসন্ন উচ্চ মাধ্যমিক পরীক্ষা গ্রহণ ও সমিতিদ্বয়ের ১২ দফা দাবী নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

নেতৃবৃন্দের দাবীর প্রেক্ষিতে শিক্ষামন্ত্রী এক কলেজের শিক্ষককে অন্য কলেজে পরিদর্শক হিসাবে নিয়োগ সংক্রান্ত সাম্প্রতিক সিদ্ধান্ত সংশোধন এবং এ ক্ষেত্রে ভিজিল্যান্স টীম গঠনের আশ্বাস দেন।

শিক্ষামন্ত্রী ১৯টি সরকারী কলেজের শিক্ষকদের বেতন বৈষম্য দূর, পদোন্নতির ক্ষেত্রে ২০ ভাগ সংরক্ষণ ব্যবস্থা বাতিল, ৫৭টি কলেজে পদ সৃষ্টি, ক্ষতিগ্রস্ত শিক্ষকদেরকে ভূতাপেক্ষিক জ্যেষ্ঠতা প্রদান এবং শিক্ষকদের অবসর গ্রহণের সময়সীমা বৃদ্ধিসহ সমিতির বিভিন্ন দাবী-দাওয়া ধৈর্যসহকারে শোনেন এবং যতশীঘ্র সম্ভব এসব দাবী-দাওয়া পূরণের আশ্বাস দেন। তিনি উল্লেখ করেন যে পদোন্নতির ক্ষেত্রে শতকরা ২০ ভাগ সংরক্ষণ রাখার ব্যবস্থা রহিত করা হয়েছে।

বৈঠকে অধ্যাপক সমিতির সভাপতি অধ্যাপক কামাল আতাউর রহমান, মহাসচিব মমতাজ বেগম, সহ-সভাপতি অধ্যাপক এম এ মজিদ, যুগ্ম-সম্পাদিকা ফজিলাতুন্নেছা, ঢাকা মহানগরী কমিটির সভাপতি মিসেস হোসনে আখতার, প্রভাষক সমিতির মহাসচিব ইসমত আরা বেগম, যুগ্ম-সম্পাদিকা মাহবুবা জালাল এবং নির্বাহী সদস্য রফিকুল ইসলাম উপস্থিত ছিলেন। খবর তথ্য বিবরণীর।